চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম ।

প্রেস বিজ্ঞপ্তি

জাকেরিয়া চৌধুরীর স্মরণ সভায় মেয়র
রাজনীতিতে সংখ্যাগত দিক বাড়লেও গুণগত দিক কমে যাচ্ছে
জাকেরিয়া চৌধুরী ছিলেন রাজনীতির গুণিজন।

চট্টগ্রাম- ২১ অক্টোবর-২০১৮ইংরেজী

জাতির জনক বঙ্গবন্ধুর ঘনিষ্ট সহচর চট্টগ্রামে মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক রাজনীতিবিদ ডাক্তার এ.এম.এম জাকেরিয়া চৌধুরীর ৫ম মৃত্যু বার্ষিকী উপলক্ষে এক স্মারন সভায় সিটি মেয়র আ.জ.ম.নাছির উদ্দীন বলেছেন রাজনীতিতে সংখ্যাগত দিক বাড়লেও গুণগত দিক কমে যাচেছ। জাকেরিয়া চৌধুরী ছিলেন রাজনীতির গুণিজন। তার আর্দশ,সততা ও দেশপ্রেম আমাদেরকে অনুকরণ করতে হবে। তিনি আজ রবিবার বিকেলে চট্টগ্রাম প্রেস ক্লাবে ইঞ্জিনিয়ার আবদুল খালেক মিলনায়তনে জাকেরিয়া চৌধুরী স্মরণ সভা পরিষদ আয়োজিত এই সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। জাকেরিয়া চৌধুরী স্মরন সভা পরিষদের সভাপতি চট্টগ্রাম প্রেস ক্লাবের সাবেক সভাপতি আবু সুফিয়ানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি মাহতাব উদ্দিন চৌধুরী,চট্টগ্রাম দক্ষিণ জেলা আওয়ামী লীগের সাধারণ মফিজুর রহমান, চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সহ-সভাপতি নইমুদ্দীণ আহমদ, মহানগর আওয়ামীলীগের সহ সভাপতি খোরশেদ আলম সুজন, প্রবীন সাংবাদিক দৈনিক আজাদীর সহ সম্পাদক অরুণ দাশ গুপ্ত,চট্টগ্রাম আইনজীবি সমিতির সভাপতি এডভোকেট ইফতেখার সাইমুল চৌধুরী, সাংবাদিক নেতা এম নাসিরুল হক ,চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সভাপতি নাজিমুদ্দীন শ্যামল, মহানগর আওয়ামীলীগের সম্পাদক মন্ডলীর সদস্যবৃন্দ যথাক্রমে শফিক আদনান,শফিকুল ইসলাম ফারুক,চন্দর ধর,মশিউর রহমান,বিশিষ্ঠ চিকিৎসক নেতা সাবেক সিভিল সার্জন ডাক্তার সরফরাজ খান বাবুল,মুক্তিযোদ্ধা সংসদ চট্টগ্রাম মহানগর কমান্ডার মোজাফফর আহমদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এতে সাপ্তাহিক স্লোগান সম্পাদক মোহাম্মদ জহির, ডাবুয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবদুর রহমান, আওয়ামী লীগ নেতা আবুল কালাম আজাদ, এম,আর আজিম,বিশিষ্ট সমাজসেবক মুজিবুল হক সিদ্দিকী বাচ্চু,আবুল হাশেম বাবুল,মুক্তিযোদ্ধাকামাল উদ্দিন চৌধুরী,এড সৈয়দ কামাল উদ্দিন ও নগর ছাত্রলীগের সভাপতি ইমরান হোসেন ইমু প্রমুখ ।

প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র বলেন, ডা.জাকেরিয়া চৌধুরী মৃত্যুর আগ মুহুর্ত পর্যন্ত জাতির জনক বঙ্গবন্ধুর আদর্শকে বুকে ধারন করে সমাজ উন্নয়ন ও মানতবতার জন্য কাজ করে গেছেন। ক্ষমতা,অর্থ,বিত্ত,লোভ-লালসা তার জীবনকে স্পর্শ করতে পারে নি। তিনি ক্ষমতার জন্য রাজনীতি করেননি। মানুষের কল্যানে রাজনীতি করেছেন। এই মহান পুরুষের বর্ণাঢ্য জীবনাদর্শকে অনুসরন করার জন্য নতুন প্রজন্মের প্রতি আহবান জানান মেয়র। রাজনৈতিক দলের নেতা যদি আর্দশবান হয় -সেই রাজনৈতিক দলকে মানুষ সমর্থন করবে। ভোট দিয়ে ক্ষমতায় বসাবে। আমাদের বর্তমান প্রজন্মকে রাজনৈতিক ভাবে আর্দশবান ও সৎ হতে হবে।   এতেই মরহুম জাকেরিয়া চৌধুরীর আত্মা শান্তি পাবে।

প্রবীর আচার্য্যের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তারা বলেন, মরহুম জাকেরিয়া চৌধুরী মুক্তিযুদ্ধে গুরুত্বপূর্ণ ভুমিকাই পালন করেননি বরং মুক্তিযুদ্ধের চেতনাকে ছড়িয়ে দিতে আমৃত্যু কাজ করে গেছেন । তার স্বপ্ন ও কর্মকে এগিয়ে নিতে হবে । অনুষ্ঠানে জাকেরিয়া চৌধুরীর পরিবারের পক্ষ থেকে মরহুম এর পুত্র শাহিন উল ইসলাম চৌধুরী কৃতজ্ঞতা জ্ঞাপন করেন । অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কাউন্সিলর শৈবাল দাশ সুমন,হাসান মুরাদ বিপ্লব,অধ্যাপক মনছুরুল আমিন চৌধুরী, সাংবাদিক আবু তালেব বেলাল, সওকত বাঙালি,আহসান খুররম,শ্রমিক লীগের মাহবুবুল হক এটলি,মো. আবু,, আওয়ামীলীগ নেতা মোর্শেদুল আলম, বদরুল আনোয়ার, আবু জাফর, ইয়াছিন মাহমুদ,মিথুন

বড়ুয়া,নাজিম উদ্দিন,হেলাল উদ্দিন,নুরুল আনোয়ার,বিপ্লব মিত্র,শরফ উদ্দিন রাজু, হাসান মুরাদ,নেছার আহমেদ, মনোয়ার জাহান মনি,সিরাজ উদ্দিন,সনত বড়ুয়া,ইসতিয়াক আহমেদ সাজিদ,কাজল প্রিয় বড়ুয়া, আবু বকর, ইয়াছিন মাহমুদ, নিবেন্দু বিকাশ চৌধুরী ও তৌহিদুর রহমান, মহানগর ছাত্রলীগের সহ সভাপতি রেজাউল আলম রনি, আবু সাঈদ সুমন সহ নেতৃবৃন্দ।

প্রেস বিজ্ঞপ্তি

নুর আহম্মদ চেয়ারম্যানের কবর জেয়ারত
ও শ্রদ্ধা নিবেদন করেন সিটি মেয়র

চট্টগ্রাম- ২২ অক্টোবর ২০১৮

উপমহাদেশে অবৈতনিক শিক্ষার প্রবক্তা নুর আহম্মদ চেয়ারম্যানের ৬৪ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার সকালে আলকরণস্থ মরহুমের পারিবারিক কবরে মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীনের নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণ করা হয়। কবর জেয়ারতকালে মরহুমের রূহের মাগফেরাত কামনা করে বিশেষ মুনাজাত করা হয়।

এ সময় প্রফেসর এস এম সেলিম জাহাঙ্গীর, চসিক কাউন্সিলর তারেক সোলেমান সেলিম, হাসান মুরাদ বিপ্লব, শিক্ষক শাহাদাৎ হোসেন,সমাজসেবক আলহাজ্ব আবদুর রহমান, আলহাজ্ব শফিক আহমদ, মোহাম্মদ সালাউদ্দিন, আকরাম আলী খান, মনজুর মোর্শেদ, নাসির উদ্দিন, খোরশেদ আলম রহমান, মো.সাহাবুদ্দীন, মো. এনাম, জাহাঙ্গীর আলম ও আলকরণ নুর আহমদ সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এ কে এম মোহাম্মদ উল্লাহসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ মেয়রের সাথে ছিলেন।

এসময় উপস্থিত নগরবাসীরদের সাথে আলাপকালে মেয়র বলেন, নুর আহম্মদ চেয়ারম্যান এক ক্ষণজন্মা মহাপুরুষ। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে প্রথম স্থান অর্জন করে এম এ ডিগ্রী লাভ করায় চ্যাঞ্চেলর স্বর্ণ পদকে ভূষিত হয়েছিলেন। তাঁর মত মেধাবী শিক্ষাবিদ তৎকালিন সময়ে বিরল ছিল। নুর আহম্মদ চেয়ারম্যান চট্টগ্রাম পৌরসভার চেয়ারম্যান থাকা অবস্থায় ১৯২৭ সনে দক্ষিণ পূর্ব এশিয়ায় সর্বপ্রথম বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা প্রবর্তণ করেন। তিনি ব্রিটিশ আমলে ১০ বছর বঙ্গীয় ব্যবস্থাপক সভার সদস্য এবং পাকিস্তানের প্রথম গণপরিষদের সদস্য ছিলেন। মেয়র বলেন, জনকল্যান, মানবসেবা এবং দেশের আইন প্রণয়নের তাঁর বলিষ্ট ভূমিকা ছিল। নগর উন্নয়নে তাঁর অবদান ছিল অতুলনীয়। আজীবন তিনি ইতিহাস চর্চায় নিমগ্ন ছিলেন। সিটি মেয়র বলেন, নুর আহম্মদের জীবনকর্ম বর্তমান ও আগামী প্রজন্মের জন্য অনুকরণীয় ও অনুসরণীয়।

এদিকে সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলের লুৎফুন্নেছা দোভাষ বেবী অসুস্থ হওয়ায় সংবাদ পেয়ে তাঁর বাসভবনে দেখতে যান সিটি মেয়র। তিনি তাঁর শারিরীক অবস্থার খোঁজ খবর নেন এবং পরিবারের সদস্যদের সাথে কুশল বিনিময় করেন। এ সময় মেয়রের সাথে চসিক কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব ও তারেক সোলেমান সেলিম উপস্থিত ছিলেন।

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় উচ্ছেদ অভিযানে ভ্রাম্যমান আদালত

চট্টগ্রাম- ২১ অক্টোবর-২০১৮ইংরেজী

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌসএর নেতৃত্বে আজ রবিবার, দুপুরে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট/উচ্ছেদ অভিযান পরিচালিত হয়। অভিযানকালে নগরীর পাঁচলাইশ থানাধীন বিবির হাট এলাকায় টিন প্লেইট বিহিন রিকশা ও জাল টিন প্লেইট এর রিকশার বিরুদ্ধে অভিযান পরিচালিত হয়। এসময় টিন প্লেইট ছাড়া রিকশা ও রিকশায় জাল টিন প্লেইট থাকায় ২৫ টি অবৈধ রিকশা জব্দ করা হয়। অবৈধ রিকশার বিরুদ্ধে এ অভিযান অব্যাহত থাকবে।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণ এবং সিএমপি পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন